

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৪৩

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই কারণে এই দুই সময়ে সালাত আদায় করা নিষেধ করা হয়েছে

ذكر العلة التي من أجلها نهي عن الصَّلاةِ فِي هَذَيْنِ الْوَقْتَيْنِ

আরবী

1543 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ قَالَ: (إِذَا طَلَعَ حَاجِبُ الشَّمْسِ فَلَا تُصَلُّوا حَتَّى يَبْرُزَ ثُمَّ صَلُّوا فَإِذَا غَابَ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا طَلَعَ حَاجِبُ الشَّمْسِ فَلَا تُصَلُّوا حَتَّى يَبْرُزَ ثُمَّ صَلُّوا وَلَا تَحَيَّنُوا بِصَلَاتِكُمْ طُلُوعَ الشَّمْسِ وَلَا غُرُوبَهَا وَإِنَّهَا تَطْلُعُ بَيْنَ قرنى شيطان)

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1543 | خلاصة حكم المحدث: صحيح -

বাংলা

১৫৪৩. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন সূর্যের গোলক উদিত হয় তখন তোমরা সালাত আদায় করবে না, যতক্ষন না সূর্য প্রকাশিত হয়। তারপর সালাত আদায় করবে। আর যখন সূর্যের গোলক অদৃশ্য হতে শুরু করে, তখন তোমরা সূর্য অস্ত না যাওয়া পর্যন্ত সালাত আদায় করবে না। তোমরা সূর্য উদয় ও সূর্য অস্ত যাওয়ার সময়কে সালাত আদায়ের সময় হিসেবে নির্দিষ্ট করবে না। কেননা সূর্য শয়তানের দুই শিংয়ের মাঝে উদিত হয়।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩২৭২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৫৪; সহীহ মুসলিম: ৮২৯; তাহাবী: ১/১৫২; সুনান বাইহাকী: ২/৪৫৩; মুয়ান্তা ইমাম মালিক: ৪৩ পৃষ্ঠা।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৫৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন